# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 08-04-2025 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) শিক্ষক নিয়োগের জন্য প্রায় ৬ হাজার সুপার নিউমেরারি বা অতিরিক্ত শূন্য পদ তৈরির সিদ্ধান্ত খারিজ করে কলকাতা হাইকোর্ট যে নির্দেশ দিয়েছিল, সর্বোচ্চ আদালত আজ তা বাতিল করে দিয়েছে।

২) চাকরীহারা শিক্ষকদের মধ্যে যোগ্য-অযোগ্য তালিকা পৃথক না করার জন্য প্রাক্তন বিচারপতি ও বিজেপি সাংসদ অভিজিত্ গঙ্গোপাধ্যায় মুখ্যমন্ত্রীকেই দায়ী করেছেন।

৩) কংগ্রেস নেতা রাহুল গান্ধী শিক্ষকদের চাকরী বাতিলের বিষয়ে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর হস্তক্ষেপ প্রার্থনা করেছেন।

৪) গেজেট বিজ্ঞপ্তি জারির মধ্য দিয়ে ওয়াকফ সংশোধনী আইন ২০২৫ আজ বলবত্ হয়েছে।

৫) কৃষিকাজের সুবিধার জন্য রাজ্যে আরও একটি সার কারখানা তৈরি হতে চলেছে।

৬) ইডেনে আইপিএল ক্রিকেটে লক্ষ্ণৌ সুপারজায়ান্ট চার রানে কলকাতা নাইট রাইডার্সকে হারিয়ে দিয়েছে।

---

সুপার নিউমেরারি পোস্ট বা অতিরিক্ত শূন্যপদ তৈরির বিষয়ে কলকাতা হাইকোর্টের নির্দেশ আজ খারিজ করে দিয়েছে সুপ্রিম কোর্ট। প্রধান বিচারপতি সঞ্জীব

খান্নার নেতৃত্বাধীন বেঞ্চ এব্যাপারে হস্তক্ষেপ করতে অস্বীকার করেন। অতিরিক্ত শূন্যপদ তৈরির বিষয়ে রাজ্য মন্ত্রিসভার সদস্যরা রাজ্যপালের পরামর্শ নিয়েই যেহেতু সিদ্ধান্ত নিয়েছিলেন, তাই ভারতীয় সংবিধানের ৭৪ ও ১৬৩-র তিন ধারা অনুযায়ী, এব্যাপারে আদালত হস্তক্ষেপ করতে পারে না বলে বেঞ্চ জানিয়েছে।

উল্লেখ্য, ২০২২ সালে এস এস সি-তে নিয়োগের জন্য প্রায় ৬ হাজার অতিরিক্ত শূন্যপদ তৈরির সিদ্ধান্তে ছাড়পত্র দেয় রাজ্য মন্ত্রিসভা। কিন্তু হাইকোর্ট এই সিদ্ধান্তকে বে-আইনী বলে মত প্রকাশ করে। প্রায় ২৬ হাজার শিক্ষক নিয়োগ দুর্নীতির মামলায় সুপার নিউমেরারি পোস্ট তৈরির বিষয়ে হাইকোর্ট, সিবিআই তদন্তের নির্দেশ দেয়। প্রয়োজনে সিবিআই রাজ্য মন্ত্রিসভার সদস্যদের হেফাজতে নিয়ে জিজ্ঞাসাবাদ করতে পারবে বলেও জানানো হয়। সেই নির্দেশের বিরুদ্ধে রাজ্য সরকার শীর্ষ আদালতে আবেদন করে। সেসময় সুপ্রিম কোর্ট, হাইকোর্টের নির্দেশের ওপর স্থগিতাদেশ দিয়েছিল। আজ অবশেষে তা খারিজ হয়ে গেলো।

---------------------

প্রাক্তন বিচারপতি বিজেপি সাংসদ অভিজিত্ গঙ্গোপাধ্যায় আজ চাকরীহারাদের একাংশকে নিয়ে স্কুল সার্ভিস কমিশনের চেয়ারম্যানের সঙ্গে দেখা করতে যান। তবে চেয়ারম্যান সিদ্ধার্থ মজুমদার না থাকায় তাঁর সঙ্গে দেখা হয়নি। তাঁর সঙ্গে আইনজীবী কৌস্তভ বাগচীও ছিলেন। আগামীকাল আবার চেয়ারম্যানের সঙ্গে দেখা করতে যাবেন বলে শ্রী গঙ্গোপাধ্যায় জানান। এসএসসি নিয়োগ দুর্নীতিকান্ডে আইনী পরামর্শের জন্য চাকরীহারাদের একাংশ আজ অভিজিত্ বাবুর সঙ্গে দেখা করতে গিয়েছিল। যোগ্য ও অযোগ্য তালিকা পৃথক না করার জন্য মুখ্যমন্ত্রীকে তিনি দায়ী করে বলেন, ওএমআর শিটের মিরর ইমেজ যারা প্রকাশ্যে আনতে দিচ্ছেনা, তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া

উচিত। যোগ্য অযোগ্যদের তালিকা এসএসসির পক্ষে করা সম্ভব বলে মন্তব্য করে ফের একবার কমিটি গঠনের প্রস্তাব দেন।

বাইট

এদিকে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু অভিজিত গঙ্গোপাধ্যায়ের এই মন্তব্যকে কটাক্ষ করেছেন।

বাইট

উল্লেখ্য, প্রাক্তন বিচারপতি অভিজিত্ গঙ্গোপাধ্যায়ের এজলাস থেকেই এই মামলাকে ঘিরে বিতর্কের সৃষ্টি হয়।

---------------------

মুখ্যমন্ত্রী গতকাল নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে নাটক করেছেন বলে বিজেপির রাজ্য সাধারণ সম্পাদক লকেট চট্টোপাধ্যায় অভিযোগ করেছেন, প্রকৃত চাকরীহারাদের গতকাল স্টেডিয়ামে ঢুকতে দেওয়া হয়নি। শাসকদলের বিভিন্ন সংগঠনের সদস্যরাই প্রবেশপত্র পেয়েছিল। দুর্নীতি আড়াল করতেই মুখ্যমন্ত্রী উদ্দেশ্যমূলকভাবে যোগ্য-অযোগ্য পৃথক করেন নি বলে তিনি আরও অভিযোগ করেন।

---------------------

শিক্ষকদের চাকরি বাতিলের বিষয়ে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর হস্তক্ষেপ চেয়ে লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী রাষ্ট্রপতিকে চিঠি দিয়েছেন। চাকরি হারা শিক্ষকদের সংগঠন "শিক্ষক শিক্ষা অধিকার মঞ্চে"র তরফে রাহুল গান্ধীকে বিষয়টি

অবগত করা হয়েছে বলে শ্রী গান্ধী উল্লেখ করেন। রাষ্ট্রপতি যাতে প্রয়োজনীয় হস্তক্ষেপ করেন, সেই জন্যও শ্রী গান্ধী রাষ্ট্রপতিকে অনুরোধ জানিয়েছেন।

আমেদাবাদে কংগ্রেস ওয়ার্কিং কমিটির বর্ধিত সভায় বিষয়টি অন্তর্ভুক্ত করার জন্য অধীর রঞ্জন চৌধুরী, দীপা দাশ মুন্সি প্রস্তাব দেন বলে প্রদেশ কংগ্রেস সভাপতি, শুভঙ্কর সরকার জানিয়েছেন।

---------------------

সুপ্রিম কোর্টের রায়ে যেসব শিক্ষকের চাকরি বাতিল হয়েছে, তাঁরা চাইলে উচ্চ মাধ্যমিক পরীক্ষার খাতা দেখতে পারবেন। তবে তাঁরা যদি খাতা দেখতে না চান তবে তা অন্য শিক্ষকদের দেওয়া হবে বলে সিদ্ধান্ত নিয়েছে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ।

উল্লেখ্য, যাঁদের চাকরি বাতিল হয়েছে, তাঁদের মধ্যে ১১ হাজার ৬১০ জন নবম ও দশম এবং ৫ হাজার ৫৯৬ জন একাদশ ও দ্বাদশ শ্রেণিতে পড়াতেন। তাঁদের মধ্যে অনেকেই মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের খাতাও দেখছেন। উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ সূত্রে জানা গেছে, চারটি জোনে এখনো পর্যন্ত খাতা দেখা অনেকটাই শেষের পথে। সুপ্রিম কোর্টের রায়ের পর চাকরি বাতিল হওয়া শিক্ষক-শিক্ষিকারা খাতা দেখতে পারবেন কিনা তা নিয়ে প্রশ্ন ওঠে।

---------------------

যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ করে আইনী পদ্ধতিতে চাকরী ফিরিয়ে দেওয়ার দাবিতে এআইডিএসও আজ রাজ্যব্যাপী বিক্ষোভ সমাবেশ সংগঠিত করে। শিলিগুড়ি কোর্টমোড়েও বিক্ষোভ দেখানো হয়। হাওড়ায় এসএফআই কর্মীরা ডিএম অফিস অভিযান করে বিক্ষোভ দেখায়।

---------------------

ওয়াকফ (সংশোধনী) আইন, ২০২৫ আজ থেকে কার্যকর হয়েছে। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সম্মতি পাওয়ার পর সরকার এই মর্মে একটি বিজ্ঞপ্তি জারি করেছে। গত সপ্তাহে সংসদের উভয় কক্ষেই বিলটি পাস হয়। নতুন আইনটির লক্ষ্য ওয়াকফ সম্পত্তিগুলির ব্যবস্থাপনাকে নির্দিষ্ট রূপরেখা  দেওয়া, ঐতিহ্যবাহী স্থানগুলি রক্ষা এবং সামাজিক কল্যাণের বিষয়টি সুনিশ্চিত করা। সম্পত্তি ব্যবস্থাপনায় স্বচ্ছতা বৃদ্ধি, ওয়াকফ বোর্ড এবং স্থানীয় কর্তৃপক্ষের মধ্যে সমন্বয় সহজতর করা এবং এর সঙ্গে সংশ্লিষ্ট সকলের অধিকার রক্ষার মাধ্যমে প্রশাসনের উন্নতি করাও এর লক্ষ্য।

---------------------

স্পটলাইট  অনুষ্ঠানে এবার শুনবেন ‘ওয়াকফ সংশোধনী বিল’ নিয়ে বিশেষ আলোচনা। অতিথি হিসেবে থাকছেন প্রবীণ সাংবাদিক মোহাম্মদ আমানুল্লা এবং আইনজীবী দেবজিত সরকার। সঞ্চালনায় সন্দীপন দাশগুপ্ত।

আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটির প্রথম পর্ব শুনবেন আজ  সঞ্চয়িতায় রাত সাড়ে আটটায়।

দ্বিতীয় পর্ব আগামী বৃহস্পতিবার। একই সঙ্গে আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগের সোশ্যাল মিডিয়াতেও এটি শোনা যাবে।

---------------------

মুর্শিদাবাদের জঙ্গীপুরের ওমরপুরে ওয়াকফ বিলের প্রতিবাদে আজ বিকেলে জাতীয় সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখানো হয়। পুলিশ মিছিল সরিয়ে দিতে গেলে ক্ষিপ্ত জনতার সঙ্গে পুলিশের প্রথমে বচসা ও পরে ইটবৃষ্টি এবং ভাঙচুর শুরু হয়ে যায়।

পুলিশের একটি গাড়িতে আগুন লাগানো হয়। এই ঘটনায় পরিস্থিতি অগ্নিগর্ভ হয়ে ওঠে। এলাকায় বিশাল বাহিনী মোতায়েন রয়েছে।

--------------------

ডায়মণ্ড হারবার কেন্দ্রের লোকসভা নির্বাচনের ফলাফলকে চ্যালেঞ্জ জানিয়ে দায়ের হওয়া ইলেকশন পিটিশন শুনানির জন্য গ্রহণ করেছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি সুগত মজুমদার আজ প্রাথমিক শুনানির পর নির্বাচন কমিশন ও জেলা নির্বাচনী আধিকারিক বা জেলা শাসককে ঐ কেন্দ্রের সমস্ত নির্বাচনী নথি,সিসিটিভি ফুটেজ সহ অন্যান্য ডিজিটাল নথি সংরক্ষণের নির্দেশ দিয়েছেন। ৫ই মে এই মামলার পরবর্তী শুনানি।

--------------------

নদীয়ার কালিগঞ্জ বিধানসভার আসন্ন উপ-নির্বাচনে ভোটার তালিকায় সংযোজন বিয়োজনের পাশাপাশি বুথের সংখ্যা বাড়ানো হচ্ছে। নিজের দফতরে আয়োজিত সর্বদলীয় বৈঠকে এই তথ্য তুলে ধরে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগরওয়াল জানিয়েছেন, কালিগঞ্জ বিধানসভার ভোটার তালিকা সংশোধনের কাজ চলবে আগামী ২৪ এপ্রিল পর্যন্ত। এই সময়কালে সংশোধনের কাজে যুক্ত বিএলও বা বুথ লেভেল অফিসারদের ছুটি দেওয়া যাবে না। এই সময়ে যে দুটি শনিবার এবং দুটি রবিবার পড়ছে সেই দিনগুলি সকাল ১১ টা থেকে বিকেল ৪টে পর্যন্ত বিএলওদের বাধ্যতামূলকভাবে হাজির থেকে ভোটার তালিকা সংশোধনের কাজ করতে হবে।

এদিকে, আজকের সর্বদলীয় বৈঠকে ভুয়ো ভোটার ইস্যু নিয়ে সরব হয় রাজনৈতিক দলগুলি। এ ব্যাপারে শ্রী আগরওয়াল জানান, গত তিন মাসে কালিগঞ্জ বিধানসভা

এলাকায় ৩২৮ জনের নাম ভোটার তালিকা থেকে বাদ দেওয়া হয়েছে। পাশাপাশি নতুন জায়গা থেকে স্থানান্তর হয়ে কালীগঞ্জে আসা বা নতুনভাবে ভোটার হওয়ার সুবাদে ৩১২ জনের নাম সংযোজিত হয়েছে কালীগঞ্জের ভোটার তালিকায়। সংশোধিত খসড়া ভোটার তালিকা অনুযায়ী কালীগঞ্জের ভোটদাতার সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ২ লক্ষ ৫৪ হাজার ৮৭৮। কমিশনের নয়া নিয়ম অনুযায়ী, আরও ৪৮ টি নতুন বুথ যুক্ত হয়েছে।

--------------------

কলকাতা হাইকোর্ট, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে মালদার মোথাবাড়ির হিংসা কবলিত এলাকা পরিদর্শনে যাওয়ার অনুমতি দিয়েছে। আগামী শুক্রবার, ১১ই এপ্রিল সকাল ১০ টা থেকে দুপুর ৩ টের মধ্যে তিনটি গাড়ির কনভয়ে নিরাপত্তা রক্ষী নিয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী ও বিজেপি বিধায়ক অশোক দিন্দা এলাকা পরিদর্শন করতে পারবেন। এ জন্য জেলা পুলিশ সুপারকে পুরো পরিস্থিতির উপর নজরদারির পাশাপাশি পর্যাপ্ত নিরাপত্তার বন্দোবস্ত করতে নির্দেশ দিয়েছেন বিচারপতি তীর্থঙ্কর ঘোষ।

উল্লেখ্য, ঐ দিন বিরোধী দলনেতা মোথাবাড়ির শুধুমাত্র গঙ্গাপ্রসাদ, উত্তর লক্ষীপুর, হামিদপুর এবং মোথাবাড়ি অঞ্চলে যেতে পারবেন।

--------------------

কৃষি কাজের সুবিধায় রাজ্যে আরও একটি সার কারখানা তৈরি হতে চলেছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরহিত্যে আজ নবান্নে রাজ্য মন্ত্রিসভার বৈঠকে এই সংক্রান্ত একটি প্রস্তাব গৃহীত হয়েছে। পরে অর্থ দপ্তরের প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য সাংবাদিকদের বলেন পানাগড় শিল্পতালুকে রাজ্য শিল্প উন্নয়ন কর্পোরেশন লিমিটেডের ৩৩ দশমিক

১৮২ একর জমির উপরে মেসার্স এগ্রি সোর্স ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড নামে একটি বেসরকারি সার উৎপাদনকারী সংস্থা শীঘ্রই এই কারখানা গড়ে তুলবে।

বাইট

এছাড়াও ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়নে স্বনির্ভর গোষ্ঠীগুলির জন্য রাজ্যের চার জায়গায় নতুন ভবন তৈরির সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে শ্রীমতি ভট্টাচার্য জানান। অর্থমন্ত্রী বলেন কুচবিহার, হাওড়া, উত্তর দিনাজপুর এবং বাঁকুড়া এক নম্বর ব্লকে এই ভবনগুলি তৈরি করা হবে। যার দুটো ফ্লোর স্বনির্ভর গোষ্ঠীগুলির জন্য বরাদ্দ থাকবে। এই নিয়ে রাজ্যে মোট আট জায়গায় এই ধরনের ভবন তৈরির সিদ্ধান্ত নেওয়া হল।রাজ্য শিল্প উন্নয়ন কর্পোরেশন লিমিটেডকে এক টাকার বিনিময়ে ৯৯ বছরের লিজ চুক্তিতে এই ভবনগুলি দেওয়া হবে।

---------------------

রাজ্য সরকারের সমস্ত দফতরের মামলা সংক্রান্ত আইনি বিষয়ের উপর কেন্দ্রীয়ভাবে নজরদারির জন্য নতুন মন্ত্রী গোষ্ঠী তৈরি করা হয়েছে। নবান্নে আজ রাজ্য মন্ত্রিসভার বৈঠকে মুখ্য সচিব মনজ পন্থকে আহ্বায়ক করে ওই বিশেষ মন্ত্রী গোষ্ঠী তৈরি করে দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। অরূপ বিশ্বাস, ফিরহাদ হাকিম, ব্রাত্য বসু, মলয় ঘটক, চন্দ্রিমা ভট্টাচার্য ও শশী পাঁজাকে মন্ত্রীগোষ্ঠীর সদস্য করা হয়েছে বলে প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে।

---------------------

দলীয় সাংসদদের মধ্যে বিরোধের জেরে আজ বিধানসভায় ডাকা তৃনমূল কংগ্রেস পরিষদীয় দলের শৃঙ্খলারক্ষা কমিটির বৈঠক অনির্দিষ্ট কালের জন্যে স্থগিত করে দেওয়া হয়েছে। পরবর্তী বৈঠক কবে হবে তা পরে জানিয়ে দেওয়া হবে বলে দলের

মুখ্যসচেতক, কমিটির সদস্য নির্মল ঘোষ জানিয়েছেন। তবে বৈঠক কেন বাতিল হল, তা নিয়ে অবশ্য কমিটির তরফে কিছু জানানো হয়নি।

উল্লেখ্য, গত বিধানসভা অধিবেশনের শেষ দুদিন সভায় উপস্থিত থাকার জন্য দলের সব বিধায়ক ও মন্ত্রীদের হুইপ জারি করা হলেও তা না মেনে প্রায় ৩০ জন অনুপস্থিত ছিলেন। তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া যায়, সে বিষয়ে পরিষদীয় দলের শৃঙ্খলারক্ষা কমিটির চেয়ারম্যান শোভনদেব চট্টোপাধ্যায় আজ বৈঠক ডেকেছিলেন।

---------------------

আই পি এল-এর প্রথম ম্যাচে, আজ, কলকাতার ইডেন গার্ডেনসে লখনউ সুপার জায়ান্টস কলকাতা নাইট রাইডার্সকে ৪ রানে হারিয়ে দিয়েছে।

প্রথমে ব্যাট করতে নেমে লখনউ নির্ধারিত ২০ ওভারে ৩ উইকেটে ২৩৮ রান তোলে। এইডেন মারক্রাম ৪৭, মিচেল মার্শ ৮১ রান করেন। নিকোলাস পুরান ৮৭ রানে অপরাজিত থাকেন। হর্ষিত রানা দুটি, আন্দ্রে রাসেল একটি উইকেট নেন। জবাবে ব্যাট করতে নেমে কলকাতা ২০ ওভারে ৭ উইকেটে ২৩৪ রান তুলতে সমর্থ হয়। অধিনায়ক অজিঙ্ক রাহানে ৬১, বেঙ্কটেশ আইয়ার ৪৫ রান করেন। লখনউইয়ের হয়ে শার্দূল ঠাকুর, আকাশ দীপ দু'টি করে উইকেট পান।

------------------- --------------------